



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিল্প মন্ত্রণালয়  
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)  
৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮  
ওয়েবসাইট: [www.bscic.gov.bd](http://www.bscic.gov.bd)




স্মারক নং- ৩৬.০২.০০০০.০১৪.১৬.১৩০.২৩.১৭৯১

তারিখ: ১৬ কার্তিক ১৪৩০  
১৯ নভেম্বর ২০২৩

বিষয়: ফিডব্যাক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ২৫ অক্টোবর ২০২৩ তারিখে দুপুর ০৩.০০ ঘটিকায় অনুষ্ঠিত বিসিকের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর মূল্যায়ন বিষয়ক ফিডব্যাক সভার কার্যবিবরণী এতৎসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ফিডব্যাক সভার কার্যবিবরণী ০১ (এক) পাতা।

  
০২/১১/২৩

(মো: মেহেদী হোসান)

উপব্যবস্থাপক

ও

সদস্য-সচিব

নৈতিকতা কমিটি

বিসিক, ঢাকা।

চলভাষ: ০১৭৫২-১২৭৭৯১

বিতরণ:

০১. আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

০২. অধ্যক্ষ, বিসিক প্রশিক্ষণ ইন্সটিটিউট।

অনুলিপি:

০১. পরিচালকের ব্যক্তিগত সহকারী, শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ বিভাগ, বিসিক, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

## বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

বিসিকের আওতাধীন আঞ্চলিক কার্যালয়/ বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের (১ম কোয়ার্টারের) ওপর ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ জাকির হোসেন  
পরিচালক (শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ)

ও

আহ্বায়ক

নৈতিকতা কমিটি, বিসিক, ঢাকা।

স্থান : বিসিক বোর্ড রুম

তারিখ : ২৫-১০-২০২৩ খ্রি.

সময় : বিকাল ০৩:০০ মিনিট

সভার প্রারম্ভে জুম কানেকশনে উপস্থিত সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। ফিডব্যাক সভাটি এ অর্থবছরের প্রথম সভা। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

০২। রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কার্যক্রমে সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। বিসিকের আওতাধীন সকল কার্যালয়ের সেবা প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য নৈতিকতা চর্চা অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া বিসিকের আওতাধীন কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সর্বাধিক গুরুত্বসহকারে বাস্তবায়নকৃত ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) প্রতিবেদন নিয়ে পৃথক পৃথকভাবে আলোচনা করা হয়। এতে আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে সকল লক্ষ্যমাত্রা অর্জিত হলেও অন্যান্য আঞ্চলিক কার্যালয় ঢাকা, রাজশাহী, খুলনা এবং বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে দু'একটি লক্ষ্যমাত্রা ব্যতীত সকল লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি। অতঃপর আওতাধীন কার্যালয়ের সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণের ২য় কোয়ার্টারের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- বিসিকের আওতাধীন সকল আঞ্চলিক কার্যালয়/ বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউটে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২৪ অর্থবছরের ২য় কোয়ার্টারের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
- নির্ধারিত সময়ে স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবস্ত্র হালনাগাদ করতে হবে;
- মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সূচক অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যক্রম সম্পাদন করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ জাকির হোসেন)

পরিচালক (যুগ্মসচিব)

শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ

ও

আহ্বায়ক

নৈতিকতা কমিটি, বিসিক, ঢাকা।